দৈনিক সংবাদ

তারিখ APR. 04 2000
পৃষ্ঠা ৬ কলাম ৩

14

### সর্বনিম্ন স্কোর ১৩৫৬

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ২২শে এপ্রিল

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ আগামী ২২শে এপ্রিল সকাল ১০টায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের ভর্তির জন্য লিখিত নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। সাধারণ ৬শ ২০টি আসনের জন্য এসএসসি ও এইচএসসি পরীক্ষায় যে সকল আবেদনকারী ১৩শ' ৫৬ নম্বর পেয়েছে তাদেরকে ভর্তির লিখিত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে।

স্নাতক প্রথমবর্ষ শ্রেণীতে ভর্তির জন্য কৃষি বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের (সংরক্ষিতসহ) ৪শ' ৪৬টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে ৭ হাজার ২শ' ৪৬টি। ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষদওয়ারি আসন সংখ্যা ঃ কৃষি অনুষদ ২শ' ৫০টি, ভেটেরিনারি অনুষদ ১শ', কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ ৬০, কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ ৬০, মাৎস্যবিজ্ঞান অনুষদ ৮০, পশুপালন অনুষদ ৭০। সংরক্ষিত আসনের বেলায় মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য কৃষি অনুষদে ৫টি এবং অপর ৫টি অনুষদে ৩টি করে ১৫টি। পার্বত্য অঞ্চলের উপজাতীয় ও অ-উপজাতীয় কোটায় ৩টি আসন এবং পার্বত্য অঞ্চল ব্যতীত অন্য অঞ্চলের উপজাতীয় ও অ-উপজাতীয় কোটায় ৩টি আসন। গত বছরের তুলনায় এ বছর আবেদনপত্র জমা পড়েছে ২ হাজার ৫৪টি কম।

চলতি সপ্তাহ থেকে ভর্তির লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত আবেদনকারী ছাত্রছাত্রীদের নামে প্রবেশপত্র ইস্যু করা হয়েছে।